

A ইউনিট

১ম বর্ষ বি.এসসি. (অনার্স/ইঞ্জিনিয়ারিং)/বি.ফার্ম ভর্তি পরীক্ষা কমিটি

শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-৪৩৩১।

তারিখ: ০৫/১২/২০১৮

-ঃ কোটায় (বিষয় মনোনয়ন প্রাপ্তদের) ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি :-ঃ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, A ইউনিট ১ম বর্ষ বি.এসসি. (অনার্স/ইঞ্জিনিয়ারিং)/বি.ফার্ম ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে বিভিন্ন কোটার বিষয় পরিবর্তন ও ২য় পর্যায়ে বিষয়/বিভাগ মনোনয়ন প্রাপ্তদের তালিকা এতদসঙ্গে প্রকাশ করা হল। যে সকল ছাত্রছাত্রী মেধাক্রম অনুযায়ী ২য় পর্যায়ে বিষয় মনোনয়ন পেয়েছে তাদেরকে অনুষদ কার্যালয়ে উপস্থিত হয়ে আগামী ০৮/১২/২০১৮ থেকে ১০/১২/২০১৮ তারিখের মধ্যে নিম্নে উল্লেখিত কাগজপত্র এবং ফিস A4 সাইজের খামে নাম, ভর্তি পরীক্ষার রোল নম্বর, মেধাক্রম, মনোনীত বিভাগ, মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখপূর্বক জীববিজ্ঞান অনুষদ কার্যালয়ে জমা দিয়ে ভর্তির প্রাথমিক কাজ সম্পন্ন করতে হবে। অন্যথায় ভর্তির জন্য মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। ২য় পর্যায়ে মনোনীত প্রার্থীদের ভর্তি সংক্রান্ত প্রাথমিক কাজ সম্পন্ন হওয়ার পর কোটার আসন শূন্য থাকা সাপেক্ষে ৩য় পর্যায়ে বিষয়/বিভাগ পরিবর্তনসহ বিষয়/বিভাগওয়ারী মনোনয়ন প্রদান করা হবে, যা ভর্তি সংক্রান্ত ওয়েব সাইট (<http://admission.cu.ac.bd>)-এ প্রকাশ করা হবে এবং মনোনীত প্রার্থীদের ভর্তির কাজ সম্পন্ন করতে হবে। উল্লেখ্য প্রাথমিক ভর্তি সম্পন্নকৃত কোন ছাত্রছাত্রী অটোমাইগ্রেশন বন্ধ করতে চাইলে উপরিউক্ত সময়সীমার মধ্যে (৮/১২/২০১৮ থেকে ১০/১২/২০১৮ তারিখ) তাকে ডিন, জীববিজ্ঞান অনুষদ, চ.বি. বরাবর ভর্তিকৃত বিভাগ, রোল, ইত্যাদি উল্লেখপূর্বক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। ১ম ও ২য় পর্যায়ে ভর্তির প্রাথমিক কাজ সম্পন্নকারী প্রার্থীদেরকে ১১/১২/২০১৮ থেকে ২০/১২/২০১৮ তারিখের মধ্যে (ব্যাংক বন্ধের দিন ব্যতীত) মনোনয়নপ্রাপ্ত বিভাগে ভর্তির কাজ সম্পন্ন করে ব্যাংকে ভর্তি ফিস জমাদান ও অন লাইনে SIF ফরম পূরণ করে ভর্তির চূড়ান্ত কাজ সম্পন্ন করতে হবে। নিয়মানুযায়ী ভর্তি বাতিল না করে নির্দিষ্ট সময়ের আগে কেউ বিভাগ হতে জমাকৃত মূল কাগজপত্রসমূহ নিতে পারবে না। বিষয়/বিভাগওয়ারী মনোনীত তালিকায় ভুলত্রান্তি সংশোধন ভর্তি কমিটি কর্তৃক সংরক্ষিত।

প্রয়োজনীয় কাগজপত্র, ছবি ও ফিসসমূহের তালিকা:

১১. পরীক্ষার্থীর স্বাক্ষরসহ - "শিক্ষার্থীর বিভাগ/বিষয় পছন্দক্রম ফরম"	:	০১ কপি
১২. পরীক্ষার্থীর স্বাক্ষরসহ - "ভর্তি পরীক্ষার প্রবেশপত্র"	:	০১ কপি
১৩. এইচ.এস.সি. পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড	:	মূল কপি
১৪. এইচ.এস.সি. পরীক্ষার মার্কশীট	:	মূল কপি
১৫. এস.এস.সি. পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড / সার্টিফিকেট	:	মূল কপি
১৬. এস.এস.সি. পরীক্ষার মার্কশীট	:	মূল কপি
১৭. স্ব - স্ব কোটা সংশ্লিষ্ট সনদপত্র সমূহ	:	মূল কপি
১৮. অনুষদ উন্নয়ন ও শিক্ষা সহায়ক ফিস জমাদানের স্লিপ	:	৫০০+৩০০০ = ৩৫০০/- (তিন হাজার পাঁচশত টাকা)
১৯. সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবি	:	০৬ কপি
২০. ১ম ও ২য় পর্যায়ে প্রাথমিক ভর্তি সম্পন্নকৃত ছাত্রছাত্রীদেরকে মূল ভর্তি ফিস অগ্রণী ব্যাংক চ. বি. শাখায় আগামী ১১/১২/২০১৮ থেকে ২০/১২/২০১৮ তারিখের মধ্যে জমা দিতে হবে।	:	মূল ভর্তি ফিস জমা দানের রশিদ উল্লেখিত ভর্তির ওয়েব সাইটে গিয়ে নিজ নিজ একাউন্টে লগইন করে প্রিন্ট করে নিতে হবে, যাতে চূড়ান্ত ভর্তি ফিসসহ প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখ থাকবে।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মো. মাহবুবুর রহমান)

ডিন, জীববিজ্ঞান অনুষদ ও কো-অর্ডিনেটর


A ইউনিট ১ম বর্ষ বি.এসসি. (অনার্স/ইঞ্জিনিয়ারিং)/বি.ফার্ম

ভর্তি পরীক্ষা কমিটি, শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চ. বি. (মাননীয় উপাচার্য মহোদয়কে অবহিত করার জন্য)।
- ২। ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য দপ্তর, চ. বি. (মাননীয় উপ-উপাচার্য মহোদয়কে অবহিত করার জন্য)।
- ৩। ডিন, বিজ্ঞান/ইঞ্জিনিয়ারিং/মেরিন সায়েন্সেস এন্ড ফিশারিজ অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৪। সভাপতি/পরিচালক, -----বিভাগ/ইনস্টিটিউট (ইনস্টিটিউটভুক্ত), চ. বি.।
- ৫। প্রভোস্ট, শাহ আমানত/শহীদ আবদুর রব/মাস্টার দা সূর্য সেন/শামসুন নাহার/প্রীতিলতা/দেশনেত্রী বেগম খালেদা জিয়া ও জননেত্রী শেখ হাসিনা হল, চ. বি.।
- ৬। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), চ. বি.।
- ৭। প্রক্টর, চ. বি.।
- ৮। উপ-রেজিস্ট্রার (একাডেমিক শাখা), চ. বি.।
- ৯। উপ-রেজিস্ট্রার (তথ্য), চ. বি.।
- ১০। হিসাব নিয়ামক, চ. বি.।
- ১১। পরিচালক, আই.টি সেল, চ. বি. (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১২। ম্যানেজার, অগ্রণী ব্যাংক, চ. বি. শাখা।
- ১৩। বিজ্ঞপ্তি ফলক, জীববিজ্ঞান অনুষদ, চ. বি.।



(প্রফেসর ড. মো. মাহবুবুর রহমান)

ডিন, জীববিজ্ঞান অনুষদ ও কো-অর্ডিনেটর

A ইউনিট ১ম বর্ষ বি.এসসি. (অনার্স/ইঞ্জিনিয়ারিং)/বি.ফার্ম

ভর্তি পরীক্ষা কমিটি, শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।